# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে অত্র হাদীসটি কাতাদা বিন আনাস এককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনে হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هذا الخبر تفرد به قتادة بن أنس

---

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْحَارِثِ بْنِ مُحَمَّدِ بْنِ عَبْدِ الْكَرِيمِ بِمَرْوَ حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ سَعِيدِ بن بِنْتِ عَلِيِّ بْنِ الْحُسَيْنِ بْنِ وَاقِدٍ حَدَّثَنِي جَدِّي - عَلِيُّ بْنُ الْحُسَيْنِ بْنِ وَاقِدٍ - حَدَّثَنِي أَبِي قَالَ: قَالَ سُفْيَانُ: وَحَدَّثَنِي الْحَسَنُ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ فِي قَوْلِهِ: {إِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُبِينًا} [الفتح: 1] أَنَّهَا نَزَلَتْ عَلَى نَبِيِّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرْجِعَهُ مِنَ الْحُدَيْبِيَةِ وَأَصْحَابُهُ قَدْ خَالَطَهُمُ الْحُزْنُ وَالْكَآبَةُ قَدْ حِيلَ بَيْنَهُمْ وَبَيْنَ مَسْأَلَتِهِمْ وَنَحَرُوا الْبُدْنَ بِالْحُدَيْبِيَةِ فقال رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَقَدْ نَزَلَتْ عَلَيَّ آيَةٌ هِيَ أَحَبُّ إِلَيَّ مِنَ الدُّنْيَا جَمِيعًا) فَقَرَأَهَا عَلَيْهِمْ إِلَى آخِرِ الْآيَةِ فقَالَ رَجُلٌ مِنَ الْقَوْمِ: هَنِيئًا مَرِيئًا لَكَ يَا رَسُولَ اللَّهِ قَدْ بَيَّنَ اللَّهُ لَكَ مَاذَا يَفْعَلُ بِكَ فَمَاذَا يَفْعَلُ بِنَا؟ فَأَنْزَلَ اللَّهُ {لِيُدخل الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الأنهار} إلى آخر الآية [الفتح: 5].

الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 372 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৭২. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি নিম্নোক্ত আয়াত সম্পর্কে বলেন-

মহান আল্লাহ বলেছেন: “নিশ্চয়ই আমরা আপনাকে সুস্পষ্ট বিজয় দান করেছি, যাতে আল্লাহ আপনার পূর্বাপর ত্রুটি-বিচ্যুতি ক্ষমা করে দিতে পারেন।” (সূরা আল ফাতহ: ১-২।) তিনি বলেন: “আয়াতটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর অবতীর্ণ হয়, যখন তিনি হুদাইবিয়া থেকে মদীনায় প্রত্যাবর্তন করছিলেন আর

এসময় সাহাবীদের মন দুঃখ-বেদনা, বিষন্নতা ক্লিষ্ট ছিল। তাঁদের ও তাঁদের কাঙ্খিত ঈপ্সার মাঝে প্রতিবন্ধিকতা সৃষ্টি করা হয়েছিল। তাঁরা হুদাইবিয়ায় কুরবানীর পশু নহর করেছিলেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “আমার উপর একটি আয়াত অবতীর্ণ হয়েছে, যা সমগ্র দুনিয়া অপেক্ষা আমার কাছে প্রিয়তর।” অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তা সাহাবীদের পড়ে শুনান। তখন একজন সাহাবী বললেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনাকে মোবারকবাদ! মহান আল্লাহ এখানে আপনার সাথে কী করবেন, সেটা বর্ণনা করেছেন, কিন্তু তিনি আমাদের সাথে কী করবেন?” তখন অবতীর্ণ হয়: “যাতে তিনি মু'মিন নর-নারীদেরকে এমন জান্নাতসমূহে প্রবেশ করাতে পারেন, যার তলদেশে নহরসমূহ প্রবাহিত হচ্ছে...।” (সূরা আল ফাতহ: ৫।)[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২১৫; সহীহ মুসলিম: ১৭৮৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪০১৯; সহীহ আল বুখারী: ৪১৭২; তিরমিযী: ৩২৬৩; সুনানু বাইহাকী: ৫/২১৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহুল মাওয়ারিদ: ১৪৭৪/১৭৬০ ।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88671

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন